হরীণ নয়না

হৃদয়ের কথা

আব্দুল্লাহ আল মুনীর

http://islameralo.wordpress.com

সমস্ প্রশংসা মহান আল্লাহর এবং সর্বত্তম সলাত ও সালাম সায়্যেদুল কায়েনাত মুহাম্মদুর রসুলুল্লাহর উপর। যিনি বলেছেন

ما تركت بعدي في الناس فتنة أضر على الرجال من النساء

অর্থ ঃ আমার পর পুরুষ জাতির জন্য নারী জাতির ফিতনা হতে অধিক ক্ষতিকর কিছু অবশিষ্ট থাকছে না।

(তিরমিযি বর্ননা করেছেন এবং আলবানী সহীহ বলেছেন)

আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা বলেন

زُيِّنَ لِلنَّاسِ حُبُّ الشَّهَوَاتِ مِنَ النِّسَاءِ وَالْبَنِينَ وَالْقَنَاطِيرِ الْمُقَنْطَرَةِ مِنَ الذَّهَبِ وَالْفِضَّةِ وَالْخَيْلِ الْمُسَوَّمَةِ وَالْأَنْعَامِ وَالْحَرْثِ ذَلِكَ مَتَاعُ الْحَيَاةِ الدُّنْيَا وَاللَّهُ عِنْدَهُ حُسْنُ الْمَآبِ (১৪) [آل عمران/১৪]

অর্থঃ মানুষের জন্য শোভনীয় করা হয়েছে নারী, সন্তান, পুঞ্জিভূত সোনা রোপা, দৃষ্টি আকর্ষনকারী ঘোড়া, চতুস্পদ জন্ত ,ক্ষেত খামার ইত্যাদি লোভনীয় বস্তু সমুহকে। এসব তো দুনিয়ার জীবনের স্বল্প সময়ের ভোগ সামগ্রী মাত্র আর আল্লাহর নিকটই রয়েছে উত্তম প্রতিদান। (সুরা আলে ইমরান - ১৪)

রসুলুল্লাহ (সঃ) বলেন

النظرة سهم من سهام إبليس مسمومة فمن تركها من خوف الله أثابه جل و عز إيمانا يجد حلاوته في قلبه

অর্থ ঃ অবৈধ দৃষ্টি শয়তানের তীর সমুহের মধ্য হতে একটি তীর। যে আল্লাহর ভয়ে তা পরিত্যাগ করে আল্লাহ তাকে এমন ঈমান দান করবেন যার স্বাদ তার অন্তর পর্যন্ত পৌছে যাবে। (মুসতাদরাকে হাকিম এবং তিনি বলেছেন হাদীসটি বুখারী ও মুসলিমের শর্তে সহীহ কিন্তু আলআলবানী এটিকে দুর্বল বলেছেন)

পুরুষের জন্য নারী একটি অতি পুরনো সমস্যা বর্তমানে বিভিন্ন ভাবে নারী জাতিকে বেহায়া ও অশ্লীলতার প্রতি উৎসাহ প্রদান এবং উদ্যেশ্য সিদ্ধির সকল উপায় খুলে দেওয়ার ফলে সে সমস্যা এমনই ভয়াবহ আকার ধারন করেছে যে চরিত্রকে পুত পবিত্র রখার কল্পনাটাও দুরহ হয়ে উঠেছে। ভোগবাদী দর্শনে বিশ্বাসীরা এ অবস্থাতে সুখে দিনপাত করলেও পরকালে বিশ্বাসী আল্লাভীরু যুবকদের এই অশ্লিলতার সয়লাব হতে নিজেকে বাচিয়ে রাখার জন্য কঠিন সংগ্রামে লিপ্ত হতে হচ্ছে। আল্লাহর কাছেই অভিযোগ এবং তারই নিকট সাহায্য প্রার্থনা করি।

আমরা মনে করি কোরআন ও সুন্নাতে জান্নাতী মেয়েদের যেসব কাহিনী বর্নীত হয়েছে তা পুঙ্খানুপুঙ্খভাবে বর্ননা করার মাধ্যমে মুসলিম যুবকদের এই ভয়াবহ ফিতনা হতে রক্ষা করা সম্ভব। যাতে তারা জানতে পারে দুনিয়ার এ জীবন এবং তার সব ভোগবিলাশই লয়শীল এবং জান্নাতের অন্য সমস্ নিয়ামতের সাথে সাথে সেখানকার স্ত্রী ও তাদের সহিত মিলিত হওয়ার আনন্দটাও দনিয়ার তুলনায় বহুগুনে তৃপ্তিদায়ক ও পরিপুর্ন। এর ফলে হয়ত তারা জান্নাতের নারীদের পাওয়ার জন্য উদগ্রীব হবে এবং দুনিয়াতে সকল প্রকার হারাম উপভোগ হতে বেচে থাকবে। সামনের কয়েকটি পৃষ্ঠাতে আমি জান্নাতী মেয়েদের সৌন্দর্য ও অন্যান্য বিষয় সংশ্লিষ্ট বেছে নেওয়া কয়েকটি আয়াত ও হাদীস লিপিবদ্ধ করার ইচ্ছা রাখি। আল্লাহই তাওফীকদাতা এবং তার কাছেই সাহয্য প্রার্থনা করি। আল্লাহ যেন এই লেখাটি দ্বারা আমাকে এবং সমস্ মুসলিমদের উপকৃত করেন। শয়তানের তীর যেন লক্ষভ্রষ্ট হয়। জান্নাতের হুরদের সাথে সুখময় মিলন থেকে যেন আমরা বঞ্চিত না হই।

আমীন .....

বি ঃ দ্রঃ আমি পুস্কটিতে মুলত কোরআনের তাফসীর এবং সহীহ হাদীসের উপর নির্ভর করেছি কখনও কখনও দুর্বল হাদীস উল্লেখ করলে সেটার দুর্বলতা উল্লেখ করেছি। উল্লেখ্য যে, প্রতিটি দুর্বল হাদীসের মুলভাব তার পুর্বে বা পরে উল্লেখিত আয়াতের তাফসীর ও সহীহ হাদীসের সাথে সমার্থপূর্ণ এবং আলেমগন এসকল বর্ননা অনুযায়ী হুরদের শারিরীক ও অন্যান্য বিষয়ের বর্ননা দিয়েছেন বিশেষ করে ইবন আল কায়্যিম তার কসীদার ভিতর জান্নাতী পুরুষ ও নারীদের যে বর্ননা দিয়েছেন তার সবই এই সমস্ হাদীস হতেই গৃহীত। প্রকৃত কথা এই যে এখানে যা কিছু বর্ননা করা হয়েছে জান্নাতে যে তার ঢের বেশি আছে সে বিষয়ে সন্দেহের অবকাশ নাই কারন আল্লাহর রসুল (সঃ) বলেন আল্লাহ সুবহানুহু ওয়া তায়ালা বলেছেন

أعددت لعبادي الصالحين ما لا عين رأت ولا أذن سمعت ولا خطر على قلب بشر

আমি আমার নেককার বান্দাদের জন্য প্রস্তুত রেখেছি এমন জিনিস যা কোন চোখ কখনও দেখেনি এবং কোন কান কখনও শোনেনি আর কোনও অন্তর কখনও কল্পনাও করেনি।

(বুখারী,মুসলিম,তিরমিযি ও ইবনে মাযা)

আমরা এই পুস্কে যা কিছু লিপিবদ্ধ করেছি তার সবটুকুই আমাদের কল্পনার ভিতরে সুতরাং জান্নাতে তার সবটুকুই পাওয়া যাবে এতে কোন সন্দেহ নাই।

আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা বলেন

فَلَا تَعْلَمُ نَفْسٌ مَا أُخْفِيَ لَهُمْ مِنْ قُرَّةِ أَعْيُنٍ جَزَاءً بِمَا كَانُوا يَعْمَلُونَ [السجدة/١٧]

কোন মানুষ জানেই না আমি তাদের আমলের বিনিময়ে তাদের জন্য চোখ জুড়ান কি বস্তু লুকায়িত রেখেছি। (সাজদাহ - ১৭)

আল্লাহর রসুল (সঃ) বলেন

بله ما أطلعتم عليه

জান্নাত সম্পর্কে তোমাদের যতটুকু জানানো হয়েছে তা ছেড়ে দাও অর্থাৎ জান্নাত সম্পর্কে তোমাদের যা জানানো হয়েছে তা খুবই কম প্রকৃত পক্ষে জান্নাতে তার তুলনায় অনেক বেশি আছে। (বুখারী)

قَالَ رَسُولُ اللَّهِ -صلى الله عليه وسلم- « إِنَّ أَدْنَى مَقْعَدِ أَحَدِكُمْ مِنَ الْجَنَّةِ أَنْ يَقُولَ لَهُ تَمَنَّ. فَيَتَمَنَّى وَيَتَمَنَّى فَيَقُولُ لَهُ هَلْ تَمَنَّيْتَ فَيَقُولُ نَعَمْ.فَيَقُولُ لَهُ فَإِنَّ لَكَ مَا تَمَنَّيْتَ وَمِثْلَهُ مَعَهُ ».

আবু হুরায়রাহ (রাঃ) থেকে বর্নিত আল্লাহর রসূল (সঃ) বলেন সর্বনিম্ন স্রের জান্নাতি সেই ব্যাক্তি যাকে আল্লাহ বলবেন তুমি চাও ফলে সে চাইতে থাকবে আল্লাহ তাকে বলবেন তোমার চাওয়া কি শেষ ? সে বলবে হ্যা আল্লাহ তাকে বলবেন তোমার জন্য তুমি যা চেয়েছ তার দ্বীগুন দেওয়া হল। (মুসলিম)

মুসলিম শরীফের অন্য বর্ননায় এসেছে আল্লাহ একজন জান্নাতীকে বলবেন তুমি চাও ফলে সে চাইতে থাকবে যখণ তার সমস্ চাওয়া শেষ হয়ে যাবে আল্লাহ তাকে স্বরন করিয়ে দিয়ে বলবেন

سَلْ كَذَا وَكَذَا فَإِذَا انْقَطَعَتْ بِهِ الأَمَانِيُّ قَالَ اللَّهُ هُوَ لَكَ وَعَشَرَةُ أَمْثَالِهِ

এটা চাও ওটা চাও যখন স্বরন করিয়ে দেওয়ার মত বস্তুও ফুরিয়ে যাবে তখন আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা বলবেন তুমি যা কিছু চেয়েছো তোমাকে ত দেওয়া হল এবং তার দশ গুন দেওয়া হল

(মুসলিম)

আল্লাহ বলেন

لَهُمْ مَا يَشَاءُونَ فِيهَا وَلَدَيْنَا مَزِيدٌ [ق/٣٥]

জান্নাতে তাদের জন্য থাকবে তারা যা চায় এবং আমার নিকট রয়েছে অতিরিক্ত। (সুরা কফ - ৩৫)

অর্থাৎ তারা যা চাইবে আমি তার চেয়েও অধিক দেব।

সুবহানাল্লাহ! অতএব তুমি নিশ্চিন্ থাক আল্লাহ যদি তোমাকে জান্নাতী করেন তবে যা কিছু বলা হয়েছে তুমি তার পুরো অংশই প্রাপ্ত হবে। বরং তারচেয়ে ঢের বেশি পাবে। একারনে জান্নাতে বর্নায় হাদীসের সনদ দুর্বল হলেও অধিকাংশ ক্ষেত্রেই মুলভাব গ্রহনযোগ্য হয় আল্লাহই সমস্ প্রসংার অধিকারী। আল্লাহ আমাদের প্রত্যেকের ভাগ্য সুপ্রসন্ন করুন।

আমিন .....

<u>টানাটানা চোখ বিশিষ্ট হুরদের বর্ননা আল্লাহ যেন তার নিজ অনুগ্রহে আমাদের সেসব হুরদের সহিত সাক্ষাৎ করান।</u>

আল্লাহ বলেন

إِنَّ الْمُتَّقِينَ فِي مَقَامٍ أَمِينٍ (٥١) فِي جَنَّاتٍ وَعُيُونٍ (٥٢) يَلْبَسُونَ مِنْ سُنْدُسٍ وَإِسْتَبْرَقٍ مُتَقَابِلِينَ (٥٣) كَذَلِكَ وَزَوَّجْنَاهُمْ بِحُورٍ عِينٍ (٥٤) يَدْعُونَ فِيهَا بِكُلِّ فَاكِهَةٍ آمِنِينَ (٥٥) لَا يَذُوقُونَ فِيهَا الْمَوْتَ إِلَّا الْمَوْتَةَ الْأُولَى وَوَقَاهُمْ عَذَابَ الْجَحِيمِ (٥٦) فَضْلًا مِنْ رَبِّكَ ذَلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيمُ (٥٧) [الدخان/٥١-٥٧]

অর্থঃ যারা মুত্তাকী তাদের জন্য থাকবে বাগান ও ঝরনা বিশিষ্ট নিরাপদ স্থান। তারা সুনদুস ও ইস্পবরাকের পোশাক পরিহিত থাকবে। <u>আমি টানাটানা চোখ বিশিষ্ট হুরদের সহিত তাদের জোড়া বেধে দেব।</u> তারা সেখানে সমস্ প্রকারের ফল চেয়ে পাঠাবে। প্রথম মৃত্যুর পর সেখানে তারা আর মৃত্যুর বরণ করবে না এবং মহান রব তাদের জাহান্নামের কঠিন শাস্তি হতে রক্ষা করবেন। এটা তোমার রবের অনুগ্রহ মাত্র নিশ্চয় এটা বড় সফলতা।

(দুখান / ৫১-৫৮)

إِنَّ الْمُتَّقِينَ فِي جَنَّاتٍ وَنَعِيمٍ (١٧) فَاكِهِينَ بِمَا آتَاهُمْ رَبُّهُمْ وَوَقَاهُمْ رَبُّهُمْ عَذَابَ الْجَحِيمِ (١٨) كُلُوا وَاشْرَبُوا هَنِيئًا بِمَا كُنْتُمْ تَعْمَلُونَ (١٩) مُتَّكِئِينَ عَلَى سُرُرٍ مَصْفُوفَةٍ وَزَوَّجْنَاهُمْ بِحُورٍ عِينٍ (٢٠) وَالَّذِينَ آمَنُوا وَاتَّبَعَتْهُمْ ذُرِّيَّتُهُمْ بِإِيمَانٍ أَلْحَقْنَا بِهِمْ ذُرِّيَّتَهُمْ وَمَا أَلَتْنَاهُمْ مِنْ عَمَلِهِمْ مِنْ شَيْءٍ كُلُّ امْرِئٍ بِمَا كَسَبَ رَهِينٌ (٢١) وَأَمْدَدْنَاهُمْ بِفَاكِهَةٍ وَلَحْمٍ مِمَّا يَشْتَهُونَ (٢٢) يَتَنَازَعُونَ فِيهَا كَأْسًا لَا لَغْوٌ فِيهَا وَلَا تَأْثِيمٌ (٢٣) وَيَطُوفُ عَلَيْهِمْ غِلْمَانٌ لَهُمْ كَأَنَّهُمْ لُؤْلُؤٌ مَكْنُونٌ (٢٤) وَأَقْبَلَ بَعْضُهُمْ عَلَى بَعْضٍ يَتَسَاءَلُونَ (٢٥) قَالُوا إِنَّا كُنَّا قَبْلُ فِي أَهْلِنَا مُشْفِقِينَ (٢٦) فَمَنَّ اللَّهُ عَلَيْنَا وَوَقَانَا عَذَابَ السَّمُومِ (٢٧) إِنَّا كُنَّا مِنْ قَبْلُ نَدْعُوهُ إِنَّهُ هُوَ الْبَرُّ الرَّحِيمُ (٢٨) [الطور/١٧-٢٨]

নিশ্চয় মুত্তাকীরা থাকবে সুখময় বাগানে। তাদের রব তাদের যা কিছু দিয়েছেন তারা তা নিয়ে সন্তুষ্ট থাকবে। তাদের রব তাদের যন্ত্রনাদায়ক শাস্তি

হতে মুক্তি দিবেন। (তাদের বলা হবে) তোমরা যে আমল করতে তার বিনিময়ে খুশি মনে খাও এবং পান কর। তারা সেখানে সারি সারি আসনসমুহতে হেলান দিয়ে বসে থাকবে আর আমি তাদের বিবাহ করিয়ে দেব (জোড়া বেধে দেব) টানাটানা চোখ বিশিষ্ট হুরদের সহিত। যারা ঈমান এনেছে এবং তাদের বংশধরেরা তাদের অনুসরন করেছে আমি তাদের কারও আমলে কোনরুপ কমতি না ঘটিয়েই সবাইকে জান্নাতের একই স্থানে রাখব। প্রত্যেক ব্যাক্তি যা আমল করেছে তার প্রতিদান পাবে। আমি তাদের ফল এবং তারা যে প্রানীর মাংস খেতে পছন্দ করে তা খাওয়াব। তারা সেখানে পানীয়পুর্ন পাত্র আদান প্রদান করবে। সে পানীয়তে না আছে মাথা ব্যাথা আর না অবাদ্ধতা। তাদের চারপাশে তাদের সেবার উদ্দেশ্যে বহুসংখক বালক ছড়ানো মুক্তার মত সদা বিচরনশীল থাকিবে। তারা পরস্পরের সহিত বাক্যালাপে লিপ্ত হবে। তারা বলবে আমরা তো দুনিয়ার জীবনে সদা চিন্তিত ছিলাম। আল্লাহ আমাদের উপর অনুগ্রহ করেছেন, তিনি আমাদের কঠিন শাস্তি হতে রক্ষা করেছেন। আমরা তো পুর্বে তাকে ডাকতাম। নিশ্চয় তিনি তো খুবই দয়ালু এবং ওয়াদা পালন কারী। (সুরা তুর /১৭-২৮)

হুরের শাব্দিক অর্থ

والحَوَرُ أَن يَشْتَدَّ بياضُ العين وسَوادُ سَوادِها وتستدير حدقتها وترق جفونها ويبيضَّ ما حواليها وقيل الحَوَرُ شِدَّةُ سواد الْمُقْلَةِ في شدّة بياض الجسد ولا تكون الأَدْماءُ حَوْراءَ قال الأَزهري لا تسمى حوراء حتى تكون مع حَوَرِ عينيها بيضاءَ لَوْنِ الجَسَدِ

হুর হল চোখের সাদা অংশ অত্যাধিক সাদা হওয়া আর কালো অংশ অত্যাধিক কালো হওয়া। চোখের মনি পনিপুর্ন গোল হওয়া, পর্দা অত্যাধিক পাতলা হওয়া এবং তার চারপাশ কালো হওয়া এমনও বলা হয়ে থাকে যে, এর অর্থ চোখের মনিটি অতিমাত্রায় কালো হওয়া আর চোখের সাদা অংশটি তীব্র সাদা হওয়া এর সাথে সাথে গায়ের রংও উজ্জল হওয়া চায়। গায়ের রং যাদের শ্যাম বর্নের তাদের হুর বলা চলে না আজজুহরী বলেন হুর হওয়ার জন্য শর্ত হল তার চোখের যে বর্ননা দেওয়া হল তার পাশাপাশি তার গায়ের রংও উজ্জল হবে। (লিসানুল আরব)

মুজাহিদ বলেন

والحور التي يحار فيها الطرف

হুর তো ঐসব মেয়েদের বলা হয় যাদের সৌন্দর্যে দৃষ্টি হয়রান হয়ে যায়। (সহীহ বুখারী কিতাবুত তাফসীর সুরা দুখান)

হুরদের সৌন্দর্যের বর্ননা।

মহামহীম আল্লাহ বলেন

وَعِنْدَهُمْ قَاصِرَاتُ الطَّرْفِ عِينٌ (৪৮) كَأَنَّهُنَّ بَيْضٌ مَكْنُونٌ (৪৯) [الصافات/৪৮، ৪৯]

তাদের জন্য সেখানে থাকবে চক্ষু অবনমিতকারী প্রশস্ত আখী বিশিষ্ট হুরেরা তারা পালকের নিচে লুকায়িত ডিম্বের মত।

(সফ্ফাত /৪৮,৪৯)

(৫৫) فِيهِنَّ قَاصِرَاتُ الطَّرْفِ لَمْ يَطْمِثْهُنَّ إِنْسٌ قَبْلَهُمْ وَلَا جَانٌّ (৫৬) فَبِأَيِّ آَلَاءِ رَبِّكُمَا تُكَذِّبَانِ (৫৭) كَأَنَّهُنَّ الْيَاقُوتُ وَالْمَرْجَانُ (৫৮) [الرحمن/৫৫-৫৮]

সেসব জান্নাতের ভিতর থাকবে আখিযুগল অবনতকারী হুরেরা যাদের এর পুর্বে কোন মানুষ বা জিন স্পর্ষ করেনাই। অতএব ওহে জিন ও মানুষ তোমরা তোমাদের রবের কোন নিয়ামতকে অস্বিকার করবে। সে সকল মেয়েরা মনি মুক্তার মত।

(আর রাহমন / ৫৫-৫৮)

তারা মনি মুক্তার মত আল্লাহর এই বানী সম্পর্কে রসুল (সঃ) কে প্রশ্ন করা হলে তিনি বললেন

« تنظر إلى وجهها وهي في خدرها أصفى من المرآة ، وإن أدنى لؤلؤة عليها لتضيء ما بين المشرق ، والمغرب ، وأنه يكون عليها سبعون ثوبا ينفذها بصره ، حتى يرى مخ ساقها من وراء ذلك »

তুমি যখন ঘোমটা দেওয়া অবস্থায় তাদের চেহারার দিকে দৃষ্টি দেবে দেখবে তাদের মুখ আয়না হতেও অধিক সচ্ছ। তাদের শরীরে যেসব অলংকার থাকবে তার ভিতর সবচেয়ে কম মানের রত্নটিও পুর্ব পশ্চিম আলোকিত করতে সক্ষম। আর তাদের শরীরে ৭০ টি কাপড় থাকবে তা ভেদ করে পুরুষটির দুষ্টি মেয়েটির পায়ের গোছার মজ্জা পর্যন্ত বা তারচেয়েও অধিক দুরুত্বে পৌছে যাবে। (হাকেম তার মুসতাদরাকে এবং বলেছেন সহীহ, ইবন হিব্বান, ইবন আল কায়্যিম হাদীল আরওয়াহ নামক কিতাবে, আলবানী ও আযযাহাবী দুর্বল বলেছেন)

অন্য বর্ননায় আছে

أول زمرة تدخل الجنة على صورة القمر ليلة البدر والثانية على لون أحسن كوكب دري في السماء لكل رجل منهم زوجتان على كل زوجة سبعون حلة يبدو مخ ساقها من ورائها

প্রথম যে দল জান্নাতী হবে তাদের চেহারা হবে পুর্নিমার চাদের মত দ্বীতিয় দল হবে আকাশের সবচেয়ে উজ্জল নক্ষত্রের মত প্রতিটি পুরুষের সাথে থাকবে দুজন করে স্ত্রী প্রতিটি স্ত্রীর গায়ে থাকবে ৭০ টি পোশাক সেই পোশাক ভেদ করেও তার পায়ের মজ্জা দৃশ্যমান হবে। (তিরমিযী , মুসতাদরাকে হাকিম, এই হাদীসটিকে আলবানী সহীহ বলেছেন অতএব এই হাদীসটি পুর্বের হাদীসকে সত্যায়ন করে)

عن عبد الله بن مسعود : عن النبي صلى الله عليه و سلم قال إن المرأة من نساء أهل الجنة ليرى بياض ساقها من وراء سبعين حلة حتى يرى مخها وذلك بأن الله يقول كأنهن الياقوت والمرجان فأما الياقوت فإنه حجر لو أدخلت فيه سلكا ثم استصفيته لأريته من ورائه

আব্দুল্লাহ ইবন মাসউদ থেকে বর্নিত আল্লাহর রসুল (সঃ) বলেন জান্নাতের মেয়েরা ৭০টি রেশমের কাপড় পরিহিত থাকবে সেগুলো ভেদ করেও তাদের পায়ের শুভ্র অংশ এবং মজ্জা দেখা যাবে। কারন আল্লাহ তাদের সম্পর্কে বলেন তারা ইয়াকুত ও মারজানের মত আর ইয়াকুত তো এমন স্বচ্ছ পাথর যার ভিতর তুমি যদি কোন সুতা প্রবেশ করাও তবে বাইরে থেকে তা দেখা যায়।

(তিরমিযী, তাফসীরে তাবারী, তাফসীরে ইবন কাসীর আলআলবানী দুর্বল বলেছেন)

عن أم سلمة "قلت: يا رسول الله أخبرني عن قوله(كأنهن بيض مكنون) قال:"رِقَّتُهُنَّ كَرِقَّةِ الْجِلْدَةِ الَّتِي رَأَيْتها فِي داخِلِ الْبَيْضَة الَّتِي تَلِي القِشْرِ

উম্মু সালমাহ (রাঃ) বলেন আমি বললাম হে অল্লাহর রসুল (সঃ) আল্লাহ যে বলেন (তারা লুকানো ডিম্বের মত) আমাকে এ বিষয়ে অবহিত করুন। আল্লাহর রসুল (সঃ) বললেন জান্নাতী নারীরা হবে ডিমের খোসার নিচে যে পাতলা পর্দা থাকে সেই পর্দার মত কমল ও নমনীয়। (আত তাবারী, ইবন কাসীর, দুররে মানছুর-এই হাদীসটি সনদের দিক হতে দুর্বল)

অবনত দৃষ্টি সম্পন্না

وَعِنْدَهُمْ قَاصِرَاتُ الطَّرْفِ عِينٌ [الصافات/৪৮]

জান্নাতীদের জন্য থাকবে **অবনত দৃষ্টি সম্পন্না** টানাটানা চোখ বিশিষ্ট হুর। (সফ্ফাত - ৪৮)

ইবন আব্বাস বলেন (قاصرات الطرف) দৃষ্টি অবনতকারী এর অর্থ হল তারা তাদের স্বামী ছাড়া অন্য কোন পুরুষের প্রতি দৃষ্টি দেবে না। মুজাহিদ বলেন (« قاصرات الطرف على أزواجهن ، فلا يبغون غير أزواجهن ») তারা কেবল তাদের স্বামীদের প্রতিই দৃষ্টিপাত করবে স্বীয় স্বামী ছাড়া অন্য কাউকে চাইবে না। কতাদা হতেও একই ব্যাখ্যা বর্নিত আছে। (তাফসীরে তাবারী , ইবন কাসীর ও অন্যান্য)

কাওয়াইব

মহান আল্লাহ বলেন

إِنَّ لِلْمُتَّقِينَ مَفَازًا (৩১) حَدَائِقَ وَأَعْنَابًا (৩২) وَكَوَاعِبَ أَتْرَابًا (৩৩) [النبأ/৩১-৩৩]

মুত্তাকীদের জন্য থাকবে সফলতা আঙ্গুর বিশিষ্ট বাগান এবং **কাওয়াইব** ও সমবয়স্কা হুরেরা।

আয়াতে ব্যাবহৃত কাওয়ায়িব শব্দের ব্যাখ্যায় আততাবারী ইবন যায়দ থেকে উল্লেখ করেছেন যে এর অর্থ হল (الكواعب: التي قد نهدت وكَعَبَ ثديها) ঐসকল মেয়েরা যাদের বক্ষ ফুলে উঠেছে এবং স্ফতা হয়েছে।

ইবন আলআছির বলেন

الكَعاب بالفتح : المرأة حين يَبْدُو ثَدْيُها للنُّهود وهي الكاعِب أيضاً وجَمْعُها : كَواعِبُ

কিয়াব ঐ সমস্ মেয়েরা যাদের বক্ষ সদ্য উত্থিত হয়েছে এদের কাইবও বলা হয় এর বহুবহনই হল কাওয়াইব। (আননিহায়াহ)

ইবন আল কায়্যিম রওদাতিল মুহিব্বিন নামক কিতাবে বলেন

(وقد وصفهنّ الله عزّ وجلّ بأنّهنّ كَوَاعِب.وهو جمع:كَاعِب.وهي المرأة التي قد تكعّب ثديها واستدار و لم يتدلّ إلى أسفل.وهذا مِن أحسن خَلْق النساء وهو ملازمٌ لسنّ الشباب).

আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা ঐসকল নারীদের কাওয়ায়িব বলে আখ্যায়িত করেছেন কাওয়ায়িব বলা হয় ঐ সকল মেয়েদের যাদের স্ন স্ফিত এবং গোল হয়ে উঠেছে নিচের দিকে ঝুলে পড়েনি এটাই নারীদের সর্বত্তম গঠন কেবল মাত্র যুবতিদেরই এমন গঠন হয়ে থাকে।

হাদীল আরওয়াহ নামক কিতাবে তিনি এর কাছাকাছি কথাই বলেছেন তবে সেখানে অতিরিক্ত বলেছেন (كالرمان) অর্থাৎ ডালিমের মত।

তাদের সৌন্দর্য প্রতিনিয়ত বৃদ্ধি পেতে থাকবে

عن أَنَسِ بْنِ مَالِكٍ أَنَّ رَسُولَ اللَّهِ –صلى الله عليه وسلم– قَالَ « إِنَّ فِى الْجَنَّةِ لَسُوقًا يَأْتُونَهَا كُلَّ جُمُعَةٍ فَتَهُبُّ رِيحُ الشَّمَالِ فَتَحْثُو فِى وُجُوهِهِمْ وَثِيَابِهِمْ فَيَزْدَادُونَ حُسْنًا وَجَمَالاً فَيَرْجِعُونَ إِلَى أَهْلِيهِمْ وَقَدِ ازْدَادُوا حُسْنًا وَجَمَالاً فَيَقُولُ لَهُمْ أَهْلُوهُمْ وَاللَّهِ لَقَدِ ازْدَدْتُمْ بَعْدَنَا حُسْنًا وَجَمَالاً. فَيَقُولُونَ وَأَنْتُمْ وَاللَّهِ لَقَدِ ازْدَدْتُمْ بَعْدَنَا حُسْنًا وَجَمَالاً ».

আনাস ইবন মালিক থেকে বর্নিত আল্লাহর রসুল (সঃ) বলেন জান্নাতে একটি বাজার থাকবে সেখানে তারা প্রতি জুমআর দিন আসবে তারপর উত্তরের হাওয়া প্রবাহিত হয়ে তাদের চেহারা ও কাপড়ের উপর পড়বে তাতে তাদের সৌন্দর্য বেড়ে যাবে পরে যখন তারা তাদের স্ত্রীদের নিকট ফিরে যাবে তখন তাদের স্ত্রীরা বলবে আল্লাহর কসম আপনারা তো আমাদের নিকট হতে পৃথক হওয়ার পর পুর্বাপেক্ষা বেশি সুন্দর হয়ে গিয়েছেন। তারাও বলবে আল্লাহর কসম তোমরাও পুর্বাপেক্ষা বেশি সুন্দর হয়ে গিয়েছ।

(মুসলিম)

তারা সর্বদাই তাবু আবদ্ধ থাকবে

আল্লাহর বানী

حُورٌ مَقْصُورَاتٌ فِي الْخِيَامِ [الرحمن/৭২]

হুরেরা থাকবে তাবুতে আবদ্ধ

এই আয়াতের ব্যাখ্যা সম্পর্কে আততাবারী তার তাফসীরে বিভিন্ন মত উল্লেখ করেছেন

১ . মুজাহিদ বলেন (. ال: قصرن أنفسهنّ وقلوبهن وأبصارهنّ على أزواجهنّ، فلا يردن غيرهم) তাদের মন প্রান এবং দৃষ্টি তাদের স্বামীদের নিকট আবদ্ধ থাকবে ফলে তাদের নিজ স্বামীদের ছাড়া অন্য কাউকে তারা কামনা করে না।

২ . আবুল আলিয়া বলেন (محبوسات في الخيام.) তারা তাবুতে আবদ্ধ

৩ . দহ্হাক বলেন (المحبوسات في الخيام لا يخرجن منها.) তারা তাবুতে আবদ্ধ সেখান থেকে কখনও বের হয় না।

৮ . হাসান বলেন (محبوسات، ليس بطوّافات في الطرق.) তারা পর্দর ভিতর আবদ্ধ রাস্তায় রাস্তায় চলা ফেরা করে বেড়ায় না

আততাবারী তার তাফসীরে সকল মত উল্লেখের পর বলেছেন

والصواب أن يعمّ الخبر عنهنّ بأنهنّ مقصورات في الخيام على أزواجهنّ، فلا يردن غيرهم، كما عمّ ذلك.

সঠিক মত হল আসলে তারা তাদের স্বামীদের জন্য তাবুতে আবদ্ধ থাকে আপন স্বামীগনকে ছাড়া অন্য কাউকে কামনা করে না।

ইবন আল কায়্যেম কারও করও থেকে বর্ননা করেছেন

بان الله سبحانه وصفهن بصفات النساء المخدرات المصونات وذلك اجمل في الوصف ولا يلزم من ذلك أنهن لا يفارقن الخيام إلى الغرف والبساتين كما أن النساء الملوك ودونهم من النساء المخدرات المصونات لا يمنعن ان يخرجن في سفر و غيره إلى منتزه وبستان ونحوه فوصفهن اللازم لهن القصر في البيت ويعرض لهن مع الخدم الخروج إلى البساتين ونحوه

আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা তাবুতে আবদ্ধ বলে হুরদের পর্দানশীল মেয়েদের সাথে তুলনা করেছেন। এর অর্থ এই নয় যে তারা তাবু থেকে বেড় হয়ে বাড়ির আঙিনা ও বাগানে ঘোরাঘুরি করবে না। যেমনটি রাজাদের পর্দানশীল ও রক্ষনশীল স্ত্রীরা করে থাকে। কেননা ভ্রমন বা অন্যান্য উদ্ধেশ্যে বাগান বা দর্শনীয় স্থান সমহে যাওয়া হতে তাদের নিষেধ করা হয় না। অতএব পর্দানশীল হওয়া সত্বেও দাসদাসীসমেত বাগন বা অন্য কোথাও যাওয়া যেতে পারে। (হাদীল আরওয়াহ)

সেই স্ত্রী কত তৃপ্তিদায়ক যে তার স্বামির প্রতি এতটাই সন্তুষ্ট যে নিজ স্বামী ছাড়া অন্য কাউকে শ্রেয় জ্ঞান করে না এবং তার দৃষ্টি এতই পবিত্র যে অন্য কোন পুরুষকে সে কখনও দেখেনি! দুনিয়ার কোন মেয়েটি এমন পবিত্রতার দাবি করতে পারে!

<u>হুরদের পবিত্রতার অর্থ</u>

আল্লাহ একাধিক স্থানে বলেছেন

لَهُمْ فِيهَا أَزْوَاجٌ مُطَهَّرَةٌ [البقرة/٢٥]

এবং তাদের জন্য থাকবে পবিত্রা স্ত্রীগন।

মুজাহিদ বলেন (ولهم فيها أزواج مطهرة (1) قال : من الحيض (2) ، والغائط (3) والبول والنخام والبزاق ، والمني ، والولد) সেসব স্ত্রীরা হায়েজ, প্রসাব পায়খান ,থুথু কফ বির্য ও বাচ্চা প্রসব হতে পবিত্র থাকবে। (অর্থাৎ এসব কিছুই তাদের থাকবে না)

আল্লাহর রসুল (সঃ) থেকেও অনুরুপ বর্নিত আছে তবে সেখানে বার্য ও সন্তানের কথা উল্লেখ নেই।

আততাবারী বলেনঃ

وأما قوله:"مطهَّرة" فإن تأويله أنهن طُهِّرن من كل أذًى وقَذًى وريبةٍ، مما يكون في نساء أهل الدنيا، من الحيض والنفاس والغائط والبول والمخاط والبُصاق والمنيّ، وما أشبه ذلك من الأذى والأدناس والريب والمكاره.

পবিত্রতার অর্থ হল সেসব স্ত্রীগন সমস্ প্রকারের কষ্টদায়ক ও নোংরা বস্তু হতে পবিত্র। তারা কোন অপবাদে কলংকিত নই। এবং হায়েজ, নিফাস, প্রসাব পায়খানা, ধুধু কফ বীর্য ইত্যাদি যা কিছু নোংরা অপবিত্র ও অপছন্দনিয় দোষ ত্রুটি বা অভিযোগ দুনিয়ার মেয়েদের থাকে তারা তা থেকে পুরোপুরি মুক্ত।

কতাদাহ বলেনঃ

طهّرهن اللهُ من كل بول وغائط وقذَر، ومن كل مأثم.

তারা পায়খানা প্রসাব সমস্ প্রকারের ঘৃনিত বস্তু ও পাপ কলংক থেকে পবিত্র

আব্দুর রহমান ইবন ইয়াযিদ বলেনঃ

: المطهَّرة التي لا تحيض. قال: وأزواج الدنيا ليست بمطهرة، ألا تراهنّ يدمَيْنَ ويتركن الصلاة والصيامَ؟

পবিত্র অর্থ হল তাদের হায়েজ হবে না। দুনিয়ার মেয়েরা পবিত্র নই তুমি কি দেখো না তাদের হায়েজ হয় সে সময় তারা সলাত পড়ে না, সওম পালন করে না!

ইবন কাছীর কতাদাহ হতে বর্ননা করেন

لا حيض ولا كلف

তাদের হায়েজ হবেনা, কোন অন্য কোন কষ্টও ভোগ করতে হয় না।

<u>কুমারিত্বও পবিত্রতারই অংশ</u>

আল্লাহ বলেন

إِنَّا أَنْشَأْنَاهُنَّ إِنْشَاءً (৩৫) فَجَعَلْنَاهُنَّ أَبْكَارًا (৩৬) عُرُبًا أَتْرَابًا (৩৭) لِأَصْحَابِ الْيَمِينِ (৩৮) [الواقعة/৩৫-৩৮]

আমি তাদের পরিপুর্নভাবে সৃষ্টি করব তারপর তাদের কুমারীতে পরিনত করব। তারা হবে প্রেমময় ও পুরুষদের সমবয়সী।

(ওয়াকিয়া / ৩৫-৩৮)

عن سلمة بن يزيد الجعفي ، قال : سمعت رسول الله صلى الله عليه وآله وسلم يقول في قوله عز وجل إنا أنشأناهن إنشاء ، فجعلناهن أبكارا عربا قال : عن الثيب ، وغير الثيب

সালমাহ ইবন ইয়যীদ আল যাফী থেকে বর্নীত তিনি বলেন আমি আল্লাহর বানী (আমি তাদের নতুনভাবে সৃষ্টি করব এবং তাদের কুমারীতে পরিনত করব) এ সম্পর্কে আল্লাহর রসুল (সঃ) কে বলতে শুনেছি দুনিয়াতে যারা বিবাহিত ছিল বা অবিবাহিত ছিল প্রত্যেককেই জান্নাতী হলে কুমারীতে রুপান্তরীত করা হবে (সিফাতুল জান্নাহ আবু নাঈম আল ইসপাহানী)

عن عائشة أن النبي صلى الله عليه و سلم أتته عجوز من الأنصار فقالت يا رسول الله ادع الله تعالى أن يدخلني الجنة فقال نبي الله صلى الله عليه و سلم إن الجنة لا يدخلها عجوز فذهب نبي الله صلى الله عليه و سلم فصلى ثم رجع إلى عائشة فقالت عائشة لقد لقيت من كلمتك مشقة وشدة فقال صلى الله عليه و سلم أن ذلك كذلك إن الله تعالى إذا أدخلهن الجنة حولهن أبكارا

হযরত আয়েশা হতে বর্নিত একজন আনসারী বৃদ্ধা মহিল আল্লাহর রসুল (সঃ) এর নিকট এসে বলল হে আল্লাহর রসুল (সঃ) দোয়া করুন যেন আমি জান্নাতী হয় আল্লাহর রসুল (সঃ) বললেন কোন বৃদ্ধা জান্নাতী হবে না তারপর আল্লাহর রসুল (সঃ) সলাত পড়তে বের হয়ে গেলেন তিনি (সঃ) ফিরে আসল আয়েশা (রাঃ) বললেন আপনার কথায় বৃদ্ধা মহিলা দারুন কষ্ট পেয়েছে। রসুলুল্লাহ (সঃ) বললেন আমি তো ঠিকই বলেছি যখন আল্লাহ বৃদ্ধাদের জান্নাতে প্রবেশ করাবেন তখন তাদের কুমারীতে রুপান্তরীত করে দেবেন। (হাদীল আরওয়াহ ইবন আল কয়্যিম)

মিশকাতের বর্ননায় এসেছে এসময় রসুলুল্লাহ (সঃ) এই আয়াত তেলাওয়াত করলেন

إِنَّا أَنْشَأْنَاهُنَّ إِنْشَاءً (৩৫) فَجَعَلْنَاهُنَّ أَبْكَارًا (৩৬) عُرُبًا أَتْرَابًا (৩৭) لِأَصْحَابِ الْيَمِينِ (৩৮) [الواقعة/৩৫-৩৮]

আমি তাদের পরিপুর্নভাবে সৃষ্টি করব তারপর তাদের কুমারীতে পরিনত করব। তারা হবে প্রেমময় ও পুরুষদের সমবয়সী।

(ওয়াকিয়া / ৩৫-৩৮)

অন্য বর্ননায় আসছে আল্লাহর রসুল (সঃ) উক্ত আয়াত সম্পর্কে বলেন

منهن العجائز اللاتي كن في الدنيا عمشا (2) رمصا (3)

যাদের কুমারী হিসাবে নতুন সৃষ্টি করা হবে তাদের মধ্যে ঐসব বৃদ্ধ মহিলারাও থাকবে যারা দুনিয়াতে দীর্ঘকাল জীবন ধারন করার কারনে দৃষ্টি শক্তিও হারিয়ে ফেলেছিল। (আল বা'স ওয়াননুশুর বায়হাকী)

(এসকল হাদীসসমুহের সত্যতা সন্দেহাতীত নই তবে নিম্মক্ত হাদীস এগুলোর মুলভাবকে সত্যায়ন করে)

عَنْ أَبِى سَعِيدٍ الْخُدْرِىِّ وَأَبِى هُرَيْرَةَ عَنِ النَّبِىِّ -صلى الله عليه وسلم- قَالَ « يُنَادِى مُنَادٍ إِنَّ لَكُمْ أَنْ تَصِحُّوا فَلاَ تَسْقَمُوا أَبَدًا وَإِنَّ لَكُمْ أَنْ تَحْيَوْا فَلاَ تَمُوتُوا أَبَدًا وَإِنَّ لَكُمْ أَنْ تَشِبُّوا فَلاَ تَهْرَمُوا أَبَدًا وَإِنَّ لَكُمْ أَنْ تَنْعَمُوا فَلاَ تَبْتَئِسُوا أَبَدًا ».

আবু সাঈদ আল খুদরী এবং আবু হুরাইরা (রাঃ) থেকে বর্নিত আল্লাহর রসুল (সঃ) বলেন জান্নাতে একজন ঘোষক ঘোষনা করবে তোমরা এখানে সুস্থ থাকবে কখনও অসুস্থ হবে না। তোমরা এখানে জীবিত থাকবে কখনও মৃত্যুবরণ করবে না। তোমরা এখানে যুবক থাকবে কখনও বৃদ্ধ হবে না। তোমরা এখানে সুখে থঅকবে কখনও দুঃখী হবে না। (মুসলিম)

দুনিয়াতেও কুমারী মেয়ে বিবাহ করতে পারাটা বেশি তৃপ্তিদায়ক ও সম্মানের বিষয় বলে মন করা হয়।

সাদ ইবন উবাদা (রাঃ) এর সম্মান বর্ননা প্রসংগে তার সম্প্রদায়ের লোকেরা বলেছিলঃ

فما تزوّج امرأة قط إلا بكرا، ولا طلق امرأة قطّ فرجع فيها أحد منا

তিনি কোন অকুমারি মেয়ে বিবাহ করেননি তিনি যে স্ত্রীকে তালাক দিয়েছেন তাকে আমাদের মধ্যকার কেউ বিবাহ করার সাহস পায়নি। (মুসনাদে আহমদ , তাফসীরুত তাবারী , ইবন কাসীর , সুআইব আল আরনাউত বলেন হাসান)

عن عائشة رضي الله عنها قالت : قلت يا رسول الله أرايت لو نزلت واديا وفيه شجرة قد أكل منها ووجدت شجرا لم يؤكل منها في أيها كنت ترتع بعيرك ؟ قال (في التي لم يرتع منها) . تعني أن رسول الله صلى الله عليه و سلم لم يتزوج بكرا غيرها

আয়েশা সিদ্দিকা (রাঃ) থেকে বর্নিত তিনি বলেন আমি রসুলুল্লাহ (সঃ) কে বললাম যদি আপনি কোথাও অবতরন করেন এবং সেখানে একটি দুটি গাছ থাকে একটি হতে পুর্বেই খাওয়া হয়েছে অপরটিতে পুর্বে খাওয়া হয়নি আপনি কোনটি হতে আপনার উটকে খাওয়াবেন ?

আল্লাহর রসল (সঃ) বললেন

যেটিতে এর পুর্বে কেউ উট খাওয়ায়নি সেটিতে।

আয়েশা সিদ্দিকা (রাঃ) উদ্দেশ্য ছিল তিনি আল্লাহর রসুলের স্ত্রীদের (রাঃ) মধ্যে একমাত্র কুমারী (ফলে রাসুলুল্লাহ অন্য স্ত্রীদের (রাঃ) উপর তার শ্রেষ্ঠত্ব রয়েছে)

(বুখারী)

হয়রত জাবির যখন একজন বিধবাকে বিবাহ করলেন আল্লাহর রসুল (সঃ) তাকে বললেন

« أَفَلاَ تَزَوَّجْتَ بِكْرًا تُلاَعِبُكَ وَتُلاَعِبُهَا »

কুমারী মেয়ে বিবাহ করলেনা কেন! যে তোমার সাথে খেলা করতে আর তুমিও তার সাথে খেলা করতে। (বুখারী , মুসলিম)

কিন্তু বর্তমানে পুর্বে বৈধ বা অবৈধভাবে নিজের কুমারিত্ব খুইয়ে বসেনি এমন মেয়ের সংখা দুর্লভ আর যদি পাওয়া যায়ও তবু কুমারী মেয়ে বিবাহ করার পর প্রথম দিনেই সে তার কুমারিত্ব হারিয়ে ফেলে। একবার স্বামির সাথে রাত্রি যাপনের পর তাকে আর কুমারী বলা যায় না। কিন্তু জান্নাতে প্রবেশ করার পর হতে একজন জান্নাতী প্রতিবার কেবল কুমারী মেয়ের সহিতই মিলিত হবে।

عن أبي مجلز ، قال : قلت لابن عباس ، قول الله عز وجل إن أصحاب الجنة اليوم في شغل فاكهون (1) ما شغلهم ؟ قال : افتضاض الأبكار

আবু মুজলিয বলেন আমি ইবনে আব্বাস (রাঃ) কে আল্লাহর বানী (জান্নাতবাসীরে বিনদনে ব্যাস্ থাকবে) সম্পর্কে প্রশ্ন করলে তিনি বললেন তারা কুরীদের কুমারীত্ব ভঙ্গে ব্যাস্ থাকবে (অর্থাৎ একের পর এক বহু সংক্ষক কুমারীর সহিত মিলিত হতে থাকবে আল্লাহ ব্যাস্তা বলতে এটাকেই বুঝিয়েছেন)

(তাফসীরে ইবন কাসীর , আততাবারী)

عن ابن عباس ، قال : قيل : يا رسول الله أنفضي إلى نسائنا في الجنة كما نفضي إليهن في الدنيا ؟ قال : « والذي نفس محمد بيده إن الرجل ليفضي في الغداة الواحدة إلى مائة عذراء »

ইবন আব্বাস থেকে বর্নিত আল্লাহর রসুল (সঃ) কে প্রশ্ন করা হয়েছিল হে আল্লাহর রসুল (সঃ) জান্নাতে আমরা কি আমাদের স্ত্রীদের সহিত মিলিত হব যেভাবে আমরা তাদের সহিত দুনিয়াতে মিলিত হই তিনি বলেলেন হ্যা মুহাম্মাদের প্রান যার হাতে তার শপথ একজন পরুষ এক সকালেই ১০০ কুমারীর সহিত মিলিত হবে। (আল জামে/দুররে মানছুর)

এই হাদীস সম্পর্কে ইবন আল কায়্যেম বলেন

و زيد هذا قال فيه ابن معين صالح و قال مرة لا شيء و قال مرة ضعيف يكتب حديثه و كذلك قال ابو حاتنم و قال الدارقطني صالح و ضعفه النسائي قال السعدي متماسك قلت وحسبه رواية شعبة عنه

এই হাদীসের রাবী যায়েদ সম্পর্কে ইবন মুইন বলেন সে নেককার ব্যাক্তি কিন্তু মুররা বলেছেন সে কিছুই নই, সে দুর্বল তবে তার হাদীস লেখা যায়। আবু হাতীমও এমনই বলেছেন দারেকুতনী বলেছেন সে নেককার ব্যাক্তি। নাসাঈ তাকে দুর্বল বলেছেন আসসা'দী বলেছেন সে আস্থাভাজন ব্যাক্তি ইবন কায়্যেম বলেন সে নির্ভর যোগ্য হওয়ার জন্য এই যথেষ্ট যে, শু'বা তার নিকট হতে হাদীস বর্ননা করেছেন (হাদীল আরওয়াহ)

অর্থাৎ ইবন আল কায়্যিম হাদীসটি গ্রহনযোগ্য বিবেচনা করেছেন।

অন্য একটি সহীহ হাদীসে অনুরুপ বর্ননা এসেছে।

إن الرجل ليصل في اليوم إلى مائة عذراء . يعني : في الجنة

নিশ্চয় জান্নাতের এবজন পুরুষ একদিনে একশত কুমারী মেয়ের সহিত মিলিত হবে। (আলবানী তার সিলসিলাতুস সহীহাতে হাদীসটিকে সহীহ বলেছেন)

সুতরাং এই হাদীসটি পুর্বেরটিকে সত্যায়ন করে।

প্রশ্ন হতে পারে যে সকল নারীদের সহিত একবার মিলিত হবে তাদের সহিত কি পুনরায় আর মিলন হবে না ?

عن أبي سعيد ، قال : قال رسول الله صلى الله عليه وآله وسلم : ، أهل الجنة إذا جامعوا نساءهم عادوا أبكارا

আবু সাঈদ আলখুদরী (রাঃ) থেকে বর্নিত আল্লাহর রসুল (সঃ) বলেন জান্নাত বাসীরা যখনই তাদের স্ত্রীদের সহিত মিলিত হবে তখনই সেসব স্ত্রীরা আবার কুমারী হয়ে যাবে। (তিবরানী, হাদীল আরওয়াহ)

عن أبي هريرة : عن رسول الله صلى الله عليه و سلم أنه قيل له : أنطأ في الجنة ؟ قال : (نعم والذي نفسي بيده دحما دحما فإذا قام عنها رجعت مطهرة بكرا

হযরত আবু হুরাইরা হতে বর্নিত আল্লাহর রসুল (সঃ) কে প্রশ্ন করা হল আমরা কি জান্নাতে আমাদের স্ত্রীদের সহিত মিলিত হব? তিনি বললেন হ্যা যার হাতে আমার প্রান তার শপথ এবং সে সময় তোমরা তাদের খুবই শক্ত ভাবে আলিঙ্গন করবে আর যখনই তাদের রেখে উঠে দাড়াবে তারা পুনরায় পবিত্র হয়ে যাবে, কুমারী হয়ে যাবে। (সহীহ ইবন হিব্বান, সিলসিলাতুল আহাদীস আসসাহীহাহ হাঃ ৩৩৫১ আলবানী সহীহ বলেছেন)

عن أبي أمامة ، قال : سئل رسول الله صلى الله عليه وآله وسلم : هل يتناكح أهل الجنة ؟ قال : إي والذي بعثني بالحق ، دحاما دحاما ، وأشار بيده ، ولكن لا مني ولا منية

আবু উমামা (রাঃ) হতে বর্নিত রসুলুল্লাহ (সঃ) বলেন জান্নাতবাসীরা কি জান্নাতে স্ত্রীর সহিত মিলিত হবে? তিনি বললেন হ্যা। যার হাতে আমার প্রান তার শপথ তারা তখন মেয়েগুলোকে ভীষন ভাবে চেপে ধরবে রসুলুল্লাহ (সঃ) হাত দিয়ে ইশারা করে দেখালেন তিনি (সঃ) আরও বললেন কিন্তু সেখানে মানী (বীর্য) নির্গত হবে না মুত্যুও নেই। (আবু নাঈম আল ইসপাহানীর সিফাতুল জান্নাহ)

হাদীসটি দুর্বল তবে তা পুরোপুরিভাবে আগের সহীহ হাদীসটির সহিত সামঞ্জস্যপুর্ন এখানে কেবল এতটুকু বলা হয়েছে যে রসুলুল্লাহ (সঃ) হাত দ্বারা ইশারা করলেন এবং বললেন কোন মানী নেই মৃত্যুও নেই এদুটি বিষয়ই কোরআন দ্বারা প্রমানিত জান্নাতদের মৃত্যু না থাকার বিষয়ে আল্লাহ বলেন

لَا يَذُوقُونَ فِيهَا الْمَوْتَ إِلَّا الْمَوْتَةَ الْأُولَى وَوَقَاهُمْ عَذَابَ الْجَحِيمِ (৫৬) فَضْلًا مِنْ رَبِّكَ ذَلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيمُ [الدخان/৫৬، ৫৭]

প্রথম মৃত্যুর পর তারা সেখানে আর মৃত্যুবরণ করবে না এবং তাদের রব তাদের ভীষন শাস্তি হতে মুক্তি দেবেন এটা তোমার রবের অনুগ্রহ মাত্র এটা এক মহ সফলতা (দুখান / ৫৬,৫৭)

আর মানির বিষয়টি পবিত্রতার ব্যাখ্যাতেই আলোচিত হয়েছে

আল্লাহর রসুল হাত দ্বার ইশারা করে দেখালেন এ কথাটি সহীহ হাদীসটিতে উল্লেখ না থাকলেও শক্ত ভাবে আলিঙ্গন করার কথা সেখানেও উল্লেখিত রয়েছে এঅর্থে আরবীতে (دحما) দাহমান শব্দ ব্যাবহার করা হয়েছে যার অর্থ সম্পর্কে ইবন আল আছির বলেন

هُو النّكاحُ والْوَطءُ بدَفْع وإزْعاج . وإنْتِصَابُه بفعل مُضْمَرٍ : أي يَدْحَمُون دَحْماً . والتّكرير للتأكيد وهو بِمنْزلة قَوْلك لَقيتُهم رَجُلاً رَجُلاً : أي دَحْماً بَعْد دَحْم

এর অর্থ হল সহবাসের সময় স্ত্রীর উপর তীব্র চাপ প্রয়োগ করা বা তাকে আন্দোলিত করার মাধ্যমে তাকে ব্যাতিব্যাস্ত করে তোলা হাদীসে বলা হয়েছে দাহমান দাহমান অর্থাৎ শব্দটি দুবার ব্যাবহার করা হয়েছে এর অর্থ একের পর এক অনবরত এমন করতে থাকা। (আন নিহাইয়া)

দুনিয়াতেও পুরুষদের পক্ষ হতে মেয়েদের উপর এমনটিই হয়ে থাকে অন্য একটি হাদীসে এসেছে

إذا جلس بين شعبها الأربع ثم جهدها فقد وجب الغسل

যখন কোন পুরুষ তার স্ত্রীর অঙ্গপ্রত্যঙ্গের মাঝে অবস্থান গ্রহন করে এবং তাকে পরিশ্রান্ত করে তখনই তার উপর গোসল ওয়াজিব হয়ে যায়। (বুখারী ও মুসলিম)

সাহাবারা যখন জান্নাতে স্ত্রী মিলন হবে কি না এবিষয়ে প্রশ্ন করলেন রসুলুল্লাহ (সঃ) তাদের জানিয়ে দিলেন শুধু মিলন হবে তায় নই বরং দুনিয়াতে যেমন তোমরা মেয়েদের নিজেদের ইচ্ছামত ব্যাবহার করে থাক জান্নাতের হরীণ নয়না হুরেরাও তোমাদের বাহুবন্ধনে তোমাদের ইচ্ছমত আন্দোলিত হবে এবং অতিমাত্রায় পিষ্ট হবে যেন তারা তোমাদের দাসী মাত্র কারন তাদের সৃষ্টিই করা হয়েছে তোমাদের মনতুষ্টির জন্য। তবে পার্থক্য এই যে দুনিয়াতে স্ত্রীরা অভিযোগ করে, অবাধ্য হয় বা বিরক্তি প্রকাশ করে কিন্তু চিরযৌবনা সেসব মায়াবিনারা তোমাদের কাছে অতিরিক্ততার অভিযোগ করবেনা ক্লান্তি হয়ে বিশ্রাম নেবেনা বরং তুমি যেমন তাকে উপভোগ করছ সেও তোমাকে উপভোগ করবে।

وأزواج مطهرة قلت يا رسول الله ولنا فيها أزواج أو منهن مصلحات قال الصالحات للصالحين تلذونهن مثل لذاتكم في الدنيا ويلذذن بكم غير ان لا توالد

আল্লাহর রসুল (সঃ) পবিত্রা স্ত্রীদের কথা উল্লেখ করলে একজন সাহবী প্রশ্ন কলনে তাদের মধ্যে কি নেককার স্ত্রী থাকেবে ? তিনি (সঃ) বললেন নেককার নারীরা নেককার পুরুষদের জন্য তোমরা তাদের উপভোগ করবে যেভাবে দুনিয়াতে করে থাক এবং তারা তোমাদের উপভোগ করবে কিন্তু কোন সন্তান জন্মাবে না। (হাকিম তার মসতাদরাকে বর্ননা করেছেন এবং বলেছেন বুখারী ও মুসলিমের শর্তে সহীহ আয যাহাবী অবশ্য হাদীসটিকে দুর্বল বলেছেন)

যে তোমাকে উপভোগ করে তার সাথে মিলিত হওয়ার তৃপ্তি কেমন হতে পারে! তার অঙ্গ পত্যঙ্গ স্থীর থাকবেনা। যে স্থানে হাত রাখলে তুমি শিহরিত হও তারা সে স্থানেই হাত রাখবে এভাবে তার প্রতিটি সঞ্চালন হবে তোমার চাহিদার সাথে সঙ্গতি রেখে।

আল্লাহ বলেন

إِنَّا أَنْشَأْنَاهُنَّ إِنْشَاءً (৩৫) فَجَعَلْنَاهُنَّ أَبْكَارًا (৩৬) عُرُبًا أَتْرَابًا [الواقعة/৩৫-৩৭]

আমি তাদের সৃষ্টি করেছি পরিপুর্নভাবে এবং তাদের করেছি কুমারী তারা প্রেমময় ও সমবয়স্কা। (আল ওয়াকিয়া/৩৫-৩৭)

এই আয়াতে ব্যাবহৃত **উরুবান** শব্দটির ব্যাক্ষায় ইবন আল কায়্যিম বলেন

قال ابن الاعرابي العروب من النساء المطيعة لزوجها المتحببة اليه وقال ابو عبيدة العروب الحسنة التبعل قلت يريد حسن مواقعها وملاطفتها لزوجها عند الجماع وقال المبرد هي العاشقة لزوجها

ইবন আল আরাবী বলেন আরুব বলা হয় ঐসব মেয়েদের যারা স্বামীর অনুগত এবং স্বামীকে ভীষন প্রিয় জ্ঞান করে আবু উবাইদ বলেছেন যারা স্বামির সহিত উত্তম সঙ্গ দেয়। ইবন আল কায়্যিম বলেন তার উদ্দেশ্য হল যেসব মেয়েরা সহবাসের সময় নমনিয়তা অবলম্বন করে এবং উত্তম মুয়ামেলাত করে (যা করলে বললে স্বামী খুশী হয় সে তাই করবে এক্ষেত্রে সে কোনরুপ লজ্জা করবে না) (হাদীল আরওয়াহ)

দুনিয়ার কোন মেয়ে ওভাবে তোমাকে তৃপ্ত করতে পারবে না। বেশিরভাগ সময়ই তারা বুঝতে পারেনা তুমি কি চাও। ওদের পিছনে সময় ব্যায় করে আখিরাতের এই মহা মুল্যবান রত্ন হারানো বোকার পরিচয় বৈ কি! দুনিয়ার অপবিত্র ও অসুচি মেয়েদের প্রেমে পড়ে যার জীবন যৌবন খোয়াচ্ছে তাদের পিছু নিও না। নিজেকে এসব ময়াবী হরিণের প্রেমে ডুবিয়ে দাও। নিজের জীবনকে আল্লাহর রাস্তায় রক্ত রঙিন করে ফেল অনন্ত যৌবনারা তোমাকে রঙিন সাগরে ডুবিয়ে রাখবে।

فكان رسول الله صلى الله عليه وسلم يقول : « والذي بعثني بالحق ، ما أنتم في الدنيا بأعرف بأزواجكم ومساكنكم من أهل الجنة بأزواجهم ومساكنهم ، فيدخل كل رجل منهم على اثنتين وسبعين زوجة مما ينشيء الله عز وجل ، واثنتين آدميتين من ولد آدم عليه السلام ، ولهم فضل لعبادتهما الله في الدنيا ، فيدخل الأول منهم في غرفة من ياقوتة على سرير من ذهب مكلل باللؤلؤ ، وعليها سبعون حلة من سندس وإستبرق ، ثم يضع يده بين كتفيها ، ثم ينظر إلى يده من صدرها من وراء ثيابها وجلدها ولحمها ، وإنه لينظر إلى مخ ساقها ، كما ينظر أحدكم إلى السلك في قصبة الياقوت ، كبدها له مرآة وكبده لها مرآة ، فبينما هو عندها لا يملها ولا تمله ، ما يأتيها مرة إلا وجدها عذراء ، ما يفتر ذكره ، ولا يشتكي قبلها ، فبينما هو كذلك إذ نودي : إنا قد عرفنا أنك لا تمل ، إلا أنه لا مني ولا منية ، إلا أن لك أزواجا غيرها ، فيخرج فيأتيهن واحدة واحدة ، كلما جاء واحدة قالت : والله ما أرى في الجنة شيئا أحسن منك ، وما في الجنة شيء أحب إلي منك ،

আল্লাহর রসুল (সঃ) প্রায়ই বলতেন যার হাতে আমার প্রান তার শপথ যিনি আমাকে সত্য সহকারে প্রেরন করেছেন তোমরা দুনিয়াতে তোমাদের স্ত্রী ও বাসস্থানের সহিত যতটুকু পরিচিত জান্নাতবাসীরা তাদের স্ত্রী ও বাসস্থানের সহিত তার থেকেও বেশি পরিচিত হবে। তাদের মধ্যকার প্রতিটি ব্যাক্তি আল্লাহ যেসব নারী সৃষ্টি করেছেন তাদের মধ্যে ৭২ জনের মালিক হবে। ঐ সমস্ত স্ত্রীদের মধ্যে ২ জন হবে আদমের বংশধর (অর্থাৎ মানুষ) অন্যদের উপর তাদের মর্যাদা থাকবে কারন তারা আল্লাহর ইবাদত করত। ঐসমস্ত স্ত্রীদের মধ্যে প্রথমটি ইয়াকুতের তৈরী একটি ঘরে প্রবেশ করবে একটি রত্নদ্বারা বেষ্টিত সোনার তৈরী খাটের উপর শায়িত হবে। তার গায়ে সুনদুস ও ইস্পবরাকের ৭০ টি পোশাক থাকবে। পুরুষটি তার হাত মেয়েটির কাধের মাঝে রাখবে সে তার হাত মেয়েটির বুকের ভিতর দিয়ে সমস্ত পোশাক, হাড় চামড়া ও মাংস ভেদ করে দেখতে পাবে। এবং সে মেয়েটির হাড়ের ভিতর যে মজ্জা আছে তাও দেখতে পাবে। যেভাবে সচ্ছ রত্নের ভিতর যে সুতা থাকে তোমরা তা দেখতে পাও। মেয়েটির কলিজা হবে ছেলেটির জন্য আয়নার মত এবং ছেলেটির কলিজা হবে মেয়েটির জন্য আয়নার মত। ছেলেটি মেয়েটির সহিত মিলিত হবে মেয়েটি তাকে ক্লান্ত করতে পারবে না সেও মেয়েটিকে ক্লান্ত করতে পারবে না। ছেলেটি যত বারই মেয়েটির নিকট আসবে তাকে কুমারী অবস্থায় পাবে। পুরুষের বিশেষ স্থান কখনই নমনিয় হবে না এবং মেয়েদের উক্ত স্থান কখনই (অসহনীয়তার) অভিযোগ করবে না। এই অবস্থা যখন (দীর্ঘক্ষন চলতে থাকবে) তখন একটি ঘোষনা শোনা যাবে। আমরা জানি তুমি কখনই ক্লান্ত হবে না কিন্তু জান্নাতে তো মানি (বীর্য) নেই (অর্থাৎ সে জন্য অপেক্ষা করার দরকার নেই) আর তোমার অন্য অনেক স্ত্রী রয়েছে (সুতরাং এখন এই মেয়েটিকে ছেড়ে অন্য স্ত্রীদের প্রতি মনযোগ দাও) তারপর সে একে এক প্রতিটি স্ত্রীর নিকট যাবে। সে যে স্ত্রীর নিকটই যাবে সে বলবে আল্লাহর কসম জান্নাতের ভিতর আপনার চেয়ে বেশি সুন্দর অন্য কিছুই আমি দেখিনি। এবং আপনি আমার নিকট অন্য যে কোন বস্তুর তুলনায় বেশি প্রিয়। (হাদীল আরওয়াহ ইবন আল কয়্যিম)

এই হাদীস উল্লেখের পর তিনি বলেন

و الذي تفرد به اسماعيل بن رافع وقد روي له الترمذي وابن ماجة وضعفه احمد و يحيى و جماعة و قال الدار قطني و غيره متروك الحديث و قال ابن عدي عامة احاديثه فيها نظر و قال الترمذي ضعفه بعض أهل العلم و سمعت محمدا يعني البخاري يقول هو ثقة مقارب الحديث و قال لي شيخنا ابو الحجاج الحافظ هذا الحديث مجموع من عدة احاديث ساقه اسماعيل او غيره هذه السياقة و شرحه الوليد بن مسلم في كتاب مفرد و ما تضمنه معروف في الاحاديث و الله اعلم

এই হাদীসটি ইসমাইল ইবন আররাফি এককভাবে বর্ননা করেছেন তিরমিযী, এবং ইবন মাযা তার নিকট হতে হাদীস বর্ননা করেছেন তবে আহমদ, ইয়াহইয়া এবং আরও অনেকে তাকে দুর্বল বলেছেন দারে কুতনী এবং অন্যন্যরা বলেছেন তার হাদীস গ্রহন যোগ্য নই তবে তিরমিযী বলেছেন আমি ইমাম বুখারীকে বলতে শুনেছি সে নির্ভরযোগ্য, তার হাদীস গ্রহন করা যায় (ইবন কায়্যেম বলেন) আমাকে আমাদের শায়খ হাফিজ আবুল হাজ্জাজ বলেছেন এই হাদীস অনেকগুলো হাদীসের সমষ্টি ইসমাঈল এবং অন্যন্যরা সেসব হাদীস বর্ননা করেছেন। আলওয়ালীদ ইবন মুসলিম সেসব হাদীস সম্পর্কে পৃথক একটি বইও রচনা করেছেন আর এই হাদীসে যা কিছু উল্লেখিত রয়েছে তার সবই অন্যান্য হাদীসে উল্লেখিত ও পরিচিত অআল্লাহই ভাল জানেন। (হাদীল আরওয়াহ)

সুবহানাল্লাহ এ আনন্দ ও তৃপ্তির কথা কল্পনা হতেই দুনিয়ার আনন্দ ফিকে হয়ে যায়। মনি মানিক্যের মত সুন্দরী মেয়েদের সাথে ইয়াঅকুতের তৈরী ঘরের ভিতর সোনার খাটে অতি লম্বা সময় মিলিত হওয়ার জন্য, তাদের মুখে প্রেম ভালবাসার কথা শুনার জন্য কি দুনিয়ার এই তুচ্ছ আনন্দ পরিত্যাগ করা যায় না ! বেশিরভাগ সময়ই যা বয়ে আনে অবসাদ ও অনুসুচনা।

স্বামীদের জন্য হুরদের ভালবাসা

عن معاذ بن جبل : عن النبي صلى الله عليه و سلم قال لا تؤذي امرأة زوجها في الدنيا إلا قالت زوجته من الحور العين لا تؤذيه قاتلك الله فإنما هو عندك دخيل يوشك أن يفارقك إلينا

মুয়াজ ইবন জাবাল (রাঃ) থেকে বর্নিত আল্লাহর রসুর (সঃ) বলেছেন দুনিয়াতে যদি কোন পুরুষকে তার স্ত্রী কষ্ট দেয় তবে তার জান্নাতের স্ত্রী বলে। ওরে হতভাগিনী! ওকে কষ্ট দিসনে ও তো তোর কাছে কয়দিনের জন্য রয়েছে মাত্র দ্রুতই সে আমাদের নিকট চলে আসবে। (তিরমিযী, কিতাবুর রিদা / মুসনাদে আহমদ / রিয়াদুস সালিহীন / সিলসিলাতু আসসহীহাহ - আলবানী সহীহ বলেছেন)

দুর থেকেই যে আপনাকে এত ভালবাসে যখন আপনি তার সহিত একত্রে অবস্থান করবেন তখন আপনার প্রতি তার ভালবাসা কোন পর্যায়ের হতে পারে !

21 – حدثنا محمد قال حدثنا بن رحمة قال سمعت بن المبارك عن سفيان بن عيينة عن بن أبي نجيح عن عبد الله بن عبيد بن عمير الليثي قال : إذا التقى الصفان أهبط الله الحور العين إلى السماء الدنيا فإذا رأين الرجل يرضين مقدمه قلن اللهم ثبته فإن نكص احتجبن منه وإن هو قتل نزلتا إليه فمسحتا عن وجهه التراب وقالتا اللهم عفر من عفره وترب من تربه

